দৈনিক জনকণ্ঠ

৪/৮/২০০১

তারিখ ........ পৃষ্ঠা ...৩... কলাম ...৮......

# ছাত্রলীগের সন্ত্রাস : চট্টগ্রাম ভার্সিটির পরিবেশ পরিষদের কার্যক্রম ব্যাহত

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** প্রোক্টরিয়াল বডিসহ প্রশাসনের অসহযোগিতার কারণে পরিবেশ পরিষদের কার্যক্রম মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। ফাঁকা গুলী করে ছাত্রলীগের ঔদ্ধত্যপূর্ণ আচরণের কারণে পরিবেশ পরিষদ বৃহস্পতিবার রাতে হলসমূহ পরিদর্শনের কর্মসূচী স্থগিত করতে বাধ্য হন। গতকাল (শুক্রবার) সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ছাত্রশিবির স্পষ্ট ভাষায় বলেছে, প্রোক্টরকে অপসারণসহ ৯ আগস্টের মধ্যে ৫ দফা দাবী মেনে না নিলে ভিসি অপসারণের এক দফা দাবীতে ১০ আগস্ট থেকে লাগাতার ধর্মঘট। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ক্যাম্পাসের পরিবেশ স্বাভাবিক করার লক্ষ্যে সিন্ডিকেট কর্তৃক গঠিত পরিবেশ পরিষদ বৃহস্পতিবার রাত ৮টা থেকে হলগুলো সরেজমিন পরিদর্শনের কর্মসূচী দেয়। সে অনুসারে সংশ্লিষ্ট প্রভোস্টগণ হলে হলে নোটিশ জারি করেন। কিন্তু রাত ৮টার দিকে শহর থেকে পরিবেশ পরিষদের সদস্যগণ ক্যাম্পাসে পৌঁছে দেখেন পরিস্থিতি থমথমে। ছাত্রলীগের নিয়ন্ত্রিত শাহজাহান ও আমানত হলে বিরাজ করছে উত্তেজনা। প্রভোস্টদের কাছ থেকে পরিষদ সদস্যগণ জানতে পারেন কোন্ কোন্ সদস্যের ব্যাপারে ছাত্রলীগের আপত্তি আছে। এ সময় শাহ আমান হলের ছাত্রলীগ ক্যাডাররা ২ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে। এতে পরিষদ সদস্যগণ চরমভাবে অপমাণবোধ করেন।

সংশ্লিষ্ট সদস্যগণ জানান, ছাত্রলীগের ঔদ্ধত্যপূর্ণ আচরণের কারণে পরিষদ হল পরিদর্শন স্থগিত করেন। পরে তারা ক্যাম্পাস ক্লাবে এক জরুরী বৈঠকে মিলিত হয়ে পরিস্থিতি পর্যালোচনা করেন। সূত্র জানায়, প্রোক্টরিয়াল বডির অসহযোগিতা ও প্রশাসনের সমন্বয়হীনতা কাজের অগ্রগতিতে বাধার সৃষ্টি করছে। গত বুধবারও প্রোক্টর যথাসময়ে পরিস্থিতি অবগত করলে কোন অঘটন ঘটে না। একইভাবে বৃহস্পতিবারের পরিস্থিতিও তারা যথাসময়ে কাউকে জানায়নি। সূত্রমতে, পরিবেশ স্বাভাবিক করার জন্য প্রোক্টরিয়াস বডির যে প্রাথমিক সহযোগিতা দরকার সেটিও পরিষদ পাচ্ছে না। কিন্তু প্রোক্টরের পদত্যাগও গৃহীত হচ্ছে না। প্রোক্টর ২দিন যাবত ছুটি ভোগ করছেন। দু'-একজন সহকারী প্রোক্টরও ক্যাম্পাসে অনুপস্থিত। ফলে পুরো প্রোক্টরিয়াল বডিতে বিরাজ করছে চরম বিশৃংখলা।

এদিকে গতকাল (শুক্রবার) সকালে শহরের একটি হোটেলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ইসলামী ছাত্রশিবির বিগত ৫ বছরে তাদের ওপর আওয়ামী প্রশাসনের নির্যাতন, নিপীড়ন, ছাত্রলীগের খুন, সন্ত্রাসের বিবরণ দিয়েছে। শিবির ৫ দফা দাবী উত্থাপন করেছে। দাবীগুলো হচ্ছে অবিলম্বে হলগুলো থেকে বহিরাগতদের বের করে বৈধ আবাসিক ছাত্রদের নিজ নিজ সিটে ওঠাতে হবে। পক্ষপাতদুষ্ট প্রোক্টরকে অপসারণ, ছাত্রলীগ ক্যাডারদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার, পুলিশ-বিডিআর প্রত্যাহার। ৯ আগস্টের মধ্যে দাবী বাস্তবায়ন না হলে ভিসি অপসারণের দাবীতে ১০ আগস্ট থেকে ক্যাম্পাসে লাগাতার ধর্মঘট পালন করা হবে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ করেন চঃবিঃ শিবির সভাপতি আলাউদ্দিন শিকদার। সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন কেন্দ্রীয় নেতা মুজিবুর রহমান মঞ্জু। উপস্থিত ছিলেন নগর সভাপতি আলমগীর মোঃ ইউসুফ, দক্ষিণ জেলা ভারপ্রাপ্ত সভাপতি আবদুল্লাহ চৌধুরী, চঃবিঃ সেক্রেটারী দিদারুল আলম মজুমদার, মহানগর সেক্রেটারী ছাবের আহমদ, উত্তর জেলা সেক্রেটারী মনিরুজ্জামান, চঃবিঃ শিবির নেতা নূরুল মোস্তফা কাজী, শাহজাহান মনির, আবদুর রহমান প্রমুখ।